

## জেলা পর্যায়ে ইনোভেটিভ কর্মকাণ্ডের প্রতিবেদন

- ১। পিরোজপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা সদরের ইউএনও অফিস মোড়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরাল নির্মাণ করা হয়। এই ম্যুরাল বর্তমানে জাতীয় শোক দিবসসহ আরো অন্যান্য জাতীয় দিবসে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধার্ঘ্য অর্পণের জন্য জনসাধারণের কাছে উন্মুক্ত করে দেওয়া হয়েছে।
- ২। পিরোজপুর জেলা প্রশাসনের উদ্যোগে বন বিভাগের সহায়তায় জলবায়ু ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বলেশ্বর নদীর তীরে চিত্ত বিনোদনের জন্য একটি মনোমুগ্ধকর পার্ক স্থাপন করা হয়েছে। যাতে বিভিন্ন বিনোদন মূলক স্থাপনা তৈরি করা হয়েছে। যার মধ্যে রয়েছে লেকে প্যাডেল বোটের ব্যবস্থা, ওয়াচ টাওয়ার, রেপ্ট হাউজ, কফি হাউজ, বিভিন্ন বন্য প্রাণীর ভাস্কর্য ও শিশুদের জন্য বিভিন্ন প্রকার খেলা ধুলার রাইড, এমনকি রাত্রি যাপনের সুব্যবস্থা রাখা হয়েছে।
- ৩। পিরোজপুর জেলা আইসিটি সেলের উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয়ের কনফারেন্স রুমসহ সম্পূর্ণ চত্বরে Wi - Fi জোন স্থাপন করা হয়েছে।
- ৪। জেলা প্রশাসকের কার্যালয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণস্থানে নিশ্চিত জননিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সিসি টিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে।
- ৫। পিরোজপুর জেলা সার্কিট হাউজের প্রতিটি রুমে এয়ারকন্ডিশন ও আধুনিক টয়ালেট্রিজ স্থাপন করে প্রত্যেকটা রুমকে ভিআইপি রুমে উন্নীত করা হয়েছে।
- ৬। জেলা প্রশাসনের সকল কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ ও সহকারি কমিশনার ভূমি সকলের জন্য গ্রুপ মেইল খোলা হয়। জেলা পর্যায়ের সকল অফিস National E-Service System (NESS) এর আওতায় আসার পূর্বে এই গ্রুপ মেইলের মাধ্যমে জেলা পর্যায়ে কর্মকর্তাগণ গুরুত্বপূর্ণ চিঠিপত্র ও তথ্য ইন্টারনেটের মাধ্যমে জরুরী মুহূর্তে দ্রুততার সাথে আদান প্রদান করতে পারেন।
- ৭। জেলা প্রশাসনের কার্যালয়ে ১১০ আসন বিশিষ্ট অত্যাধুনিক কনফারেন্স রুম স্থাপন করা হয়েছে। এখানে রয়েছে প্রত্যেকের জন্য পিআই সিস্টেম মাইক্রোফোন, মাল্টিমিডিয়া প্রজেক্টর ও সভাকালীন সময়ে লাইভ ভিডিও এর ব্যবস্থাসহ সকল আধুনিক সুবিধা।
- ৮। জনসাধারণের কাজিত সেবা প্রদানের লক্ষ্যে এ কার্যালয়ের ফ্রন্ট ডেস্ক শাখায় ওয়ান স্টপ সার্ভিসের জন্য একটি মোবাইল হট লাইন ০১৭৮৩৯৬৬১৫৫ নম্বর সংযোগ প্রদান করা হয়েছে। একজন আবেদনকারী এই নম্বরে যোগাযোগ করে তার সেবার সর্বশেষ অবস্থা জানতে পারবেন। নির্দিষ্ট দিনের আগেই যদি সেবাটি প্রস্তুত হয়ে যায় সেক্ষেত্রে আবেদনকারীকে ফোন করে জানিয়ে দেয়া হবে। এছাড়াও উক্ত নম্বরে ফোন করে অত্র কার্যালয়সহ জেলার সরকারি দপ্তর সমূহের যে কোন তথ্য জানা যাবে। এর ফলে সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হওয়ায় সরকারি প্রতিষ্ঠানের উপর সাধারণ মানুষের আস্থা ফিরে আসবে এবং ভোগান্তি অনেক কমে যাবে।
- ৯। পিরোজপুর জেলায় স্থাপিত ইউআইএসসি কেন্দ্র সমূহের কার্যক্রমে গতিশীল আনায়নের লক্ষ্যে তিন জন অতিরিক্ত জেলা প্রশাসকদের নিয়মিত পরিদর্শনের জন্য নিয়োগ করা হয়েছে।
- ১০। এ কার্যালয়ের কক্ষ বিন্যাস বিল বোডে লিপিবদ্ধ করে জনসম্মুখে স্থাপন করা হয়েছে। এর মাধ্যমে কত নম্বর কক্ষে কোন শাখা রয়েছে তা জনসাধারণ সহজেই খুঁজে বের করতে পারবেন।